

সমকাল

**শিক্ষকের নির্দেশে ছাত্রীকে
 পিটিয়ে অজ্ঞান করল
 অন্য শিক্ষার্থীরা।**

সাটুরিয়া (মানিকগঞ্জ) প্রতিনিধি
 সাটুরিয়ার ঘিওর সরকারি প্রাথমিক
 বিদ্যালয়ে চতুর্থ শ্রেণীর এক ছাত্রীকে
 শিক্ষকের নির্দেশে মারধর করেছে ওই
 ক্লাসের অন্য শিক্ষার্থীরা। মারধরে ওই
 শিক্ষার্থী জ্ঞান হারালে শিক্ষকের
 নির্দেশে তাকে ফুলের পতন ঘটানোর
 পাশে ফেলে রাখা চলে যায় তারা।
 পরে ওই শিক্ষার্থীকে জ্ঞানহীন অবস্থায়
 দুই ঘণ্টা পর উদ্ধার করে সাটুরিয়া
 হাসপাতালে ভর্তি করা হয়।

মঙ্গলবার দুপুরে ঘিওর সরকারি
 প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর
 ছাত্রী তাহমিনার বিরুদ্ধে একই
 ক্লাসের ছাত্রী ডানিয়া আক্তার তার
 বইয়ের পৃষ্ঠা ছিড়ে ফেলার অভিযোগে
 শিক্ষক মো. মহসিন ও সেদিনা
 আফরোজের কাছে বিচার চায়। এ
 সময় শিক্ষক মহসিন ও সেদিনা
 শিক্ষার্থীদের তাহমিনাকে মারধর
 করার নির্দেশ দেন। পরে কয়েক
 শিক্ষার্থী তাকে মারধর করলে সে জ্ঞান
 হারিয়ে ফেলে। তাহমিনার দিনমজুর
 বাবা মনজুর মিয়া ঘটনা জানতে পেরে
 মেয়েকে দুপুর ২টার পর উদ্ধার করে
 সাটুরিয়া হাসপাতালে ভর্তি করেন।